

B.A. 2nd Semester (General) Examination, 2023 (CBCS)

Subject : Bengali

Course : CC-1B/2B/GE-2

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) বাজীকরের বাড়ি কোথায়? তার প্রধান সহকারী কে?
- (খ) 'ভিখারী সাহেব' গল্পে কথকের কোন বন্ধু হেনরির ছবি তুলে কোন পত্রিকায় প্রকাশের জন্য পাঠান?
- (গ) 'বাজীকর' গল্পটিতে মোট ক'টি পরিচ্ছেদ আছে? এই গল্পের শেষ পরিচ্ছেদটির নাম কী?
- (ঘ) "ক্ষেত্রমোহন ঝরঝর করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন"—ক্ষেত্রমোহনের অশ্রুপাতের কারণ লেখো।
- (ঙ) "দুজনই নির্বাক"—এই দুজন কারা? তারা নির্বাক কেন?
- (চ) 'দেবী' গল্পে উমাপ্রসাদের স্ত্রীর নাম কী? তার বয়স কত?
- (ছ) 'বলবান জামাতা' গল্পটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?
- (জ) "অন্ধকার গভীর নিশীথে সে মেয়ের হাত ধরিয়া বাহির হইল"—'সে' কে? মেয়েটির নাম কী?
- (ঝ) 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালীর বাবার নাম কী? সে কোথায় থাকত?
- (ঞ) "সে চোখের জল মুছিতে মুছিতে সকলের পিছনে শ্মশানে আসিয়া উপস্থিত হইল"—'সে' কে? শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত?
- (ট) "ভীতু পাঁচকড়ি সে রাত্রে আর বাড়ি গেল না।"—পাঁচকড়ি কে? 'সে রাত্রে' আর বাড়ি গেল না কেন?
- (ঠ) 'রামের সুমতি' গল্পে নীলমণি ডাক্তারের ভিজিট কত? শ্যামলালের গৃহভৃত্যের নাম কী?
- (ড) "রামের কার্তিক-গণেশ কাজে লাগবে আমার শ্রাব্দের সময়"—রামের কার্তিক-গণেশের পরিচয় দাও।
- (ঢ) "যথা সময়ে অপর্ণার বিবাহ হইয়া গেল"—অপর্ণা কে? তার কার সঙ্গে বিয়ে হয়েছিল?
- (ণ) 'মন্দির' গল্পে শক্তিনাথকে মন্দির থেকে তাড়িয়ে দেবার পর কীভাবে তার মৃত্যু হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'বাজীকর' গল্পের রামরতন বসুর চরিত্রটির পরিচয় দাও।
- (খ) "ঠাকুরঝি, এসব কী?"—কথাটি কে, কাকে বলেছে? ঠাকুরঝি চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) দয়াময়ী মানবী থেকে দেবীত্বে কীভাবে অভিষিক্ত হল, তা 'দেবী' গল্পে অবলম্বনে বুঝিয়ে দাও।
- (ঘ) 'মহেশ' গল্পে অবলম্বনে আমিনার পরিচয় দাও।
- (ঙ) 'মন্দির' গল্পে আশ্রয় করে কুস্তকার পরিবারের সঙ্গে শক্তিনাথের সম্পর্কের পরিচয় দাও।
- (চ) 'রামের সুমতি' গল্পে অবলম্বনে রামলাল ও শ্যামলালের সম্পর্ক বিচার করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

(ক) 'ভিখারী সাহেব' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

'বলবান জামাতা' গল্পটিতে পরিবেশিত হাস্যরসের পরিচয় দাও।

(খ) 'অভাগীর স্বর্গ' গল্পে তৎকালীন সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

অথবা

'মামলার ফল' গল্পের গঙ্গামণি চরিত্রটির পরিচয় দাও।

—————